কার্যক্রম নিষিদ্ধ আ.লীগ নেতা সাবেক এমপি আতাউল হক গ্রেপ্তার



আওয়ামী লীগ নেতা দোলন। ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সাবেক সংসদ সদস্য এস এম আতাউল হক দোলনকে রাজধানীর বারিধারা থেকে গ্রেপ্তার করা হয়েছে। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) রাত সাড়ে ১১টার দিকে বারিধারা ডিওএইচএস এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)।

আতাউল হকের বাড়ি সাতক্ষীরার শ্যামনগর উপজেলার গুমানতলী গ্রামে। তিনি কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের শ্যামনগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক। সংশ্লিষ্ট সূত্র বলছে, শ্যামনগর থানায় তার বিরুদ্ধে একটি হত্যা মামলাসহ সাতটি মামলা রয়েছে।

এদিকে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিসেম্বর মাসে দেশে ফেরার ঘোষণাকে ঘিরে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মসূচি নিয়ে রাজনৈতিক অঙ্গনে উত্তেজনা তৈরি হয়েছে। সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে গাড়িতে আগুন ও ককটেল বিস্ফোরণের ঘটনাও ঘটেছে। এসব ঘটনার পর আওয়ামী লীগ-সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান জোরদার হয়েছে।

LENS ASIA